# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-দ্বিতীয় পত্র — বিষয় কোড: ২ ৭ ৮

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৬০

*দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।*

**১.▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:**




ক. ব্যবস্থাপনা কী? ১

খ. ব্যবস্থাপনা সার্বজনীন— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত ছকের ' F ' স্তরের কাজ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'A' চক্রে স্তরের সবচেয়ে গুরুত্বপূর্ণ— বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

**২.▶** ডোনা সফট ড্রিংকস লি. সুইডেন ভিত্তিক একটি বহুজাতিক কোম্পানি। কোম্পানিটি বাংলাদেশে বাজার সম্প্রসারণ করার পক্ষে আলাদা পরিকল্পনা প্রণয়ন করে। এদেশে অধিকাংশ জনসংখ্যা মুসলিম হওয়ায় তাদের চাহিদা ও অভিরুচির তথ্য সংগ্রহ করে পরিকল্পনা গ্রহণ করে। পরিকল্পনামাফিক কাজ হওয়ায় প্রতিষ্ঠানটি সহজেই সফলতা অর্জন করতে পেরেছে।

ক. প্রকল্প কী? ১

খ. পরিকল্পনা একটি চিন্তন প্রক্রিয়া"— ব্যাখ্যা কর। ২

গ. ডোনা সফট ড্রিংকস বাংলাদেশের জন্য কোন ধরনের পরিকল্পনা প্রণয়ন করেছে? বর্ণনা কর। ৩

ঘ. তুমি কী মনে করো ডোনা সফট ড্রিংকস পরিকল্পনার আঙিনা নির্ধারণ করতে পেরেছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

**৩.▶** বারিধারা অটোমোবাইলস লি. গাড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান। গাড়ি তৈরির সকল উপাদান প্রতিষ্ঠানটি নিজেই তৈরি করে। প্রতিষ্ঠানটির পরিকল্পনা ব্যবস্থাপক তাজুল ইসলাম পণ্য উৎপাদনের সঠিক নিয়ন্ত্রণের ওপর বিশেষ

Teachingbd.com

গুরুত্ব প্রদান করে। চলতি বছরের মোট উৎপাদন সময় ১,৮০,০০০ ঘণ্টা এবং একক প্রতি বিক্রয়মূল্য ৪ লক্ষ টাকা, কর্মীদের পণ্য উৎপাদন সংক্রান্ত নির্দেশনা ও সঠিক নিয়ন্ত্রণ স্থাপন করার জন্য নিচের টেবিলটি স্থাপন করেন—

| | মেটালবডি (একক প্রতি) | টায়ার (একক প্রতি) | ইঞ্জিন (একক প্রতি) | অভ্যন্তরীণ সাজসজ্জা (এককপ্রতি) | লাইট (একক প্রতি) |
|---|---|---|---|---|---|
| সময় | ২ ঘণ্টা | ১ ঘণ্টা | ৪ ঘণ্টা | ১ ঘণ্টা | ১ ঘণ্টা |

ক. বাজেটারি নিয়ন্ত্রণ কী? ১

খ. নিয়ন্ত্রণ প্রক্রিয়ায় কেন আদর্শমান নির্ধারণ করা হয়? ২

গ. উদ্দীপকে তাজুল ইসলাম কোন ধরনের নিয়ন্ত্রণ কৌশল অনুসরণ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. চলতি বছরের বারিধারা অটোমোবাইলস লি. সর্বোচ্চ কী পরিমাণ মুনাফা হতে পারে বলে তুমি মনে করো? ৪

৪. ▶ মিঃ কামাল ঢাকার অটোকার লিমিটেডের একজন বড় কর্মকর্তা। তাদের অসংখ্য গ্রাহক রয়েছে। সরকারি কর্মকর্তা মিঃ রহমানের গাড়ি ক্রয়ের প্রয়োজন হওয়ায় অটোকার লিমিটেডে যান। মিঃ কামাল মিঃ রহমানকে গাড়ি ক্রয়সংক্রান্ত নিয়মাবলি, সুবিধা প্রভৃতি তথ্য সরবরাহ করেন। পরবর্তীতে মিঃ রহমান গাড়ি ক্রয় না করলেও ভবিষ্যতে আসবেন বলে জানান।

ক. ইন্টারনেট কী? ১

খ. যোগাযোগ প্রক্রিয়াটি ব্যাখ্যা কর। ২

গ. ব্যাপ্তি অনুযায়ী মিঃ কামাল কোন ধরনের যোগাযোগের সাথে যুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রাতিষ্ঠানিক ভাবমূর্তি তৈরিতে মিঃ কামালের দায়িত্বে কার্যকারিতা মূল্যায়ন করো। ৪

৫. ▶ নিজাম সাহেব একটি প্রতিষ্ঠানের হিসাবরক্ষক। দুই বছর যাবৎ তিনি যথাযথভাবে দায়িত্ব পালন করে আসছেন। কিছুদিন আগে একটি সহকারী হিসাবরক্ষক নিয়োগ করা হয়েছে। নতুন হিসাবরক্ষকের সাথে ব্যবস্থাপনা পরিচালকের ভালো সম্পর্ক সৃষ্টি হয়েছে, তখন নিজাম সাহেব ব্যবস্থাপনা পরিচালকের কাছে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে গেলে আগের মতো গুরুত্ব দেন না। বরং বলেন সহকারী হিসাবরক্ষকের নিকট থেকে পরামর্শ নিয়ে সিদ্ধান্ত গ্রহণ করো। এতে নিজাম সাহেবের মনোবল ভেঙ্গে যায়।

http://teachingbd.com

ক. প্রেষণা কী? ১

খ. প্রেষণা চক্রটি ব্যাখ্যা কর। ২

গ. নিজাম সাহেব বর্তমানে হার্জবার্গের প্রেষণা তত্ত্বের কোন উপাদানটির অভাব অনুভব করছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুম কী মনে করো ব্যবস্থাপনা পরিচালক যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করেছে? মতামত দাও। ৪

৬.▶ সোয়ান গ্রুপ ৫০ জন মাঠ কর্মকর্তা নিয়োগ দিবে, বিজ্ঞপ্তি দেয়ার পর লিখিত পরীক্ষা দিয়ে ৭৫ জনকে বাছাই করা হলো। যারা উত্তীর্ণ হয়েছে তাদের ৩ দিনের একটি একটি ক্যাম্পে রেখে বিভিন্ন বিষয়ে আলোচনা ও পরীক্ষা নেয়া হয়। এর আলোকে ৫০ জনকে নিয়োগপত্র ইস্যু করা হয়। অতঃপর এর আলোকে ৫০ জনকে নিয়োগপত্র ইস্যু করা হয়। অতঃপর কাজে যোগদানের পূর্বে একদিনের জন্য তাদেরকে নিয়ে আলোচনার ব্যবস্থা করা হয়। এতে উর্ধ্বতন কর্মকর্তাগণ প্রতিষ্ঠানের ইতিহাস, ঐতিহ্য, করণীয় ইত্যাদি বিষয়ের ওপর বক্তৃতা দেন।

ক. শিক্ষানবিশ কী? ১

খ. কর্মী নির্বাচনের ক্ষেত্রে আবেদনপত্র বাছাই করা হয় কেন? ২

গ. বিজ্ঞপ্তি দেয়ার পর যে সকল কাজ করা হয়েছে তা কর্মীসংস্থান প্রক্রিয়ার কোন পর্যায়ের অন্তর্ভুক্ত? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের তিন দিনের চেয়ে পরবর্তী একদিনের প্রোগ্রাম প্রশিক্ষণের সাথে অধি সঙ্গাতিপূর্ণ— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭.▶ঘটনা-১ : রিজভী অরিয়ন প্রোডাক্টস লি.-এর একজন বিক্রয়কর্মী, সে বিক্রয় সংক্রান্ত যে কোন তথ্য জোনাল ম্যানেজারকে পেশ করে। জোনাল ম্যানেজার আবার বিক্রয় ব্যবস্থাপককে অবহিত করে।

ঘটনা-২ : আকরাম হোসেন বিসমিল্লাহ গ্রুপের একজন বিক্রয়কর্মী, বিসমিল্লাহ গ্রুপ ১২ ধরনের পণ্য উৎপাদন করলেও আকরাম হোসেন শুধুমাত্র গুড়া দুধ বিক্রয় করেন। এখানে ১২ ধরনের পণ্য বিক্রয়ের জন্য ১২ ধরনের বিক্রয়কর্মী রয়েছে। কিন্তু প্রধান বিক্রয় ব্যবস্থাপক রয়েছে একজন।

ক. মেট্রিক্স সংগঠন কী? ১

খ. সংগঠন কর্তৃক প্রবাহ সবসময় নিম্নগামী— ব্যাখ্যা কর। ২

গ. রিজভীর অরিয়ন প্রোডাক্টস লি. এ কোন ধরনের সংগঠন বিদ্যমান? বর্ণনা কর। ৩

ঘ. বিস্‌মিল্লাহ গ্রুপের পণ্যের জন্য ব্যবহৃত সংগঠন কাঠামো যথার্থ হয়েছে– এ বিষয়ে তোমার মতামত দাও। ৪

৮. ▶ 'সিনড্রেলা' নামক প্রতিষ্ঠানে ২০১২ সালে উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করার আগে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভার আয়োজন করে। সকলের মতামতের ভিত্তিতে উৎপাদন ২০% বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করে। উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ তাদের দৈনন্দিন কাজের চাপে নতুন সিদ্ধান্তটি তাদের স্ব স্ব নিম্নস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পৌঁছাতে ব্যর্থ হয়। তারা ইচ্ছামতো তাদের নিম্নপদস্থ কর্মচারী-কর্মকর্তাদের নির্দেশনা দিতে থাকেন। ২০১২ সালের সম্পত্তিতে দেখা যায়, ২০% লক্ষ্যমাত্রার সিদ্ধান্ত বাস্তবায়িত হয়নি।

ক. নির্দেশনা কী? ১

খ. পরিবর্তন মোকাবেলায় নেতৃত্বের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'সিনড্রেলা' নামক প্রতিষ্ঠানে কোন ধরনের নির্দেশনা অনুসরণ করা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবস্থাপনার কোন মূলনীতি অনুসরণ না করার কারণে 'সিনড্রেলা' প্রতিষ্ঠানটি তার লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হয়। যুক্তিসহকারে মতামত দাও। ৪

৯. ▶ রাজস্বী টি লিমিটেডের মহাব্যবস্থাপক জনাব নিয়াজ। তিনি ব্যবসায়িক কাজে গতিশীলতা আনয়নে প্রতিষ্ঠানের সমগ্র কাজে আলাদা ভাগ ব্যবস্থাপক নিয়োগ দিয়েছেন। তবে দেখা যায়, জনাব নিয়াজ প্রাতিষ্ঠানিক নিয়মের বাইরে অনেক সময় শ্রমিকদের সাথে যোগাযোগ রাখছেন। আবার বিভাগীয় প্রধানগণও অন্য বিভাগের কর্মীদের সাথে যোগাযোগ রাখছে। ফলে প্রকৃত তথ্যের আলোকে ব্যবস্থাপকগণ সিদ্ধান্ত দিয়ে থাকেন।

ক. সমন্বয় সাধন কী? ১

খ. সমন্বয় ও নিয়ন্ত্রণ কীভাবে পরস্পর সম্পর্কযুক্ত? ২

গ. রাজস্বী টি লিমিটেডের সময় কৌশলটি বর্ণনা করো। ৩

ঘ. অধীনস্থ কর্মী ছাড়াও অন্যদের সাথে যোগাযোগ রক্ষার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৭ ৮

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**উদ্দীপকটি পড়ো এবং ১ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও।**
মিসেস সিরাত চৌধুরী একটি বুটিক শপের মালিক। তিনি নিত্য নতুন পণ্যের ডিজাইন পোশাক উৎপাদন করেন। দেশি-বিদেশি ক্রেতাদের সাথে যোগাযোগ করেন। দেশি-বিদেশি ক্রেতাদের সাথে যোগাযোগ করে তাদের সাথে সম্পর্ক স্থাপন করেন।

১. নিত্য নতুন ডিজাইনের পোশাক উৎপাদন ব্যবস্থাপনার কোন দক্ষতা মিসেস সিরাত চৌধুরীকে সহায়তা করেছে?
ক সাংগঠনিক দক্ষতা খ দূরদৃষ্টি সংক্রান্ত দক্ষতা
গ আন্তঃব্যক্তিক দক্ষতা ঘ সমস্যা সমাধানে দক্ষতা

২. এতে সিরাত চৌধুরীর সফলতা অর্জনে ভূমিকা রাখবে—
i. আন্তঃব্যক্তিক দক্ষতা ii. কারিগরি দক্ষতা
iii. তথ্য সংশ্লিষ্ট ভূমিকা
নিচের কোন সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩. ব্যবস্থাপনা একটি সর্বজনীন বিষয়—এই কথাটি কে বলেছেন?
ক হেনরি ফেয়ল খ সক্রেটিস
গ এফ, ডব্লিও, টেইলর ঘ রবার্ট ওয়েন

৪. নিচের কোনটি মৌলিক যোগাযোগ বহির্ভূত?
ক মুঠোফোন খ ইন্টারনেট
গ মাইক্রোফোন ঘ মিটিং

৫. একটি আদর্শ সংগঠন কাঠামোতে একজন উর্ধ্বতনের অধীনস্তদের সংখ্যা নির্ধারিত হয়, কোনটি বিবেচনায়?
ক শৃঙ্খলা ও আনুগত্য খ কার্য ও কর্তব্যের
গ আদেশের ঐক্য প্রতিষ্ঠা
ঘ দায়িত্ব ও কর্তব্যের সুনির্দিষ্টতা

৬. বিশ্বায়ন মোকাবেলার বহুজাতিক প্রতিষ্ঠানকে কোন ধরনের পরিকল্পনা নিতে হয়?
ক একার্থক পরিকল্পনা খ স্থায়ী পরিকল্পনা
গ স্ট্রাটিজিক পরিকল্পনা ঘ স্বল্পমেয়াদি পরিকল্পনা

**উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব পারভেজ একটি প্রতিষ্ঠানের উৎপাদনের উৎপাদন ব্যবস্থাপক। তার বিভাগের কাজের পরিমাপ বেশি, তিনি এই জন্য যথেষ্ট ক্ষমতাও ভোগ করেন। প্রায়শই তিনি অফিসের ছুটির পরে কাজ করতে বাধ্য হন। সেখানে অন্যান্য বিভাগের ব্যবস্থাপকদের এমন উদাহরণ নাই বললেই চলে, উৎপাদন বিভাগের ফোরম্যান জসিমও উৎপাদন ব্যবস্থাপক এবং পারভেজের গ্রামের বাড়ি একই এলাকায়, অফিসে দেরী হলে জসিম প্রায়ই পারভেজকে সময় দেন। উর্ধ্বতন হওয়া সত্ত্বেও পারভেজের সাথে তার ব্যক্তিগত সম্পর্ক গড়ে উঠেছে।

৭. কোন ধরনের সংগঠন কাঠামো পারভেজ জসিমের সম্পর্কে ভিন্ন মাত্রা দিয়েছে?
ক সরলরৈখিক খ কার্যভিত্তিক
গ অনানুষ্ঠানিক ঘ মেট্রিক্স

৮. উদ্দীপকের প্রতিষ্ঠানটিতে সংগঠনের কোন মৌলিক নীতি লঙ্ঘিত হয়েছে বলে তুমি মনে কর?
ক শ্রম বিভাগ
খ মহত্ব ও ক্ষমতার সমতা
গ আদেশের ঐক্য ঘ সাম্যতা

৯. আর্থিক পরিকল্পনা কীসের ভিত্তিতে হয়?
ক সংগঠন কাঠামো খ মেয়াদ
গ নীতি ঘ পরিবেশ

১০. পিতৃসুলভ নেতৃত্ব কোন নেতৃত্বের উন্নত ও ইতিবাচক সংস্করণ?
ক স্বৈরতান্ত্রিক খ গণতান্ত্রিক
গ কর্মকেন্দ্রিক ঘ কর্মীকেন্দ্রিক

১১. একটি উৎপাদনশীল প্রতিষ্ঠানে কর্মরত জনাব আব্দুল খালেক অধিক মাত্রায় চিন্তাশীল কার্যের সাথে সম্পৃক্ত। তিনি প্রতিষ্ঠানের কি হিসেবে দায়িত্ব পালন করছেন?
ক তত্ত্বাধায়ক খ ব্যবস্থাপক
গ প্রশাসক ঘ কর্মকর্তা

১২. পরিকল্পনার প্রধান ধাপ কোনটি?
ক লক্ষ্য নির্ধারণ
খ সুযোগ-সুবিধা সনাক্তকরণ
গ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ
ঘ বিকল্প কর্মপন্থা নির্ধারণ

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**
রাজ ও দীপক দুই বন্ধু। তারা একই যোগ্যতা সম্পন্ন একই প্রতিষ্ঠানে কাজ করে। সমপর্যায়ের পদে তারা যথাক্রমে ০১/০১/২০০৫ এবং ০১/১১/২০০৫ তারিখে যোগদান করে। একটি পদ শূন্য হলে প্রতিষ্ঠানটির কর্ণধার রাজকে পদোন্নতি প্রদান করে এবং প্রশিক্ষণের জন্য উর্ধ্বতন কর্মকর্তার তত্ত্বাবধানে তাকে ন্যাস্ত করে।

১৩. রাজ এর প্রশিক্ষণ পদ্ধতিটি কি ছিল?
ক অধিবেশন খ পর্যবেক্ষণ
গ শিক্ষানবীশ বিমা ঘ পদাবর্তন

১৪. রাজকে পদোন্নতি দেয়া হয়েছে—
i. জেষ্ঠতার ভিত্তিতে ii. যোগ্যতার ভিত্তিতে
iii. জেষ্ঠতা ও যোগ্যতার ভিত্তিতে
নিচের কোন সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. উচ্চ প্রেষণা সাধারণত কোনটির বৃদ্ধি ঘটাতে পারে?
ক উচ্চ সাফল্য খ উন্নত কর্মকর্তা
গ উচ্চ মনোবল ঘ ফাঁকিবাজি

১৬. ব্যবস্থাপনার কোন কাজ উর্ধ্বতন অধস্তন সম্পর্ক নিরূপণ করে?
ক সরলরৈখিক সংগঠন খ কার্যভিত্তিক সংগঠন
গ কমিটি সংগঠন ঘ মেটিক্স সংগঠন

১৭. কর্মী সংস্থানের রূপ কোনটি?
ক কর্মী নির্বাচন খ কর্মী সংগ্রহ
গ কর্মী নিয়োগ ঘ প্রশিক্ষণ

১৮. কর্মী সংস্থানের প্রধান রূপ কোনটি?
ক কর্মী নির্বাচন খ কর্মী সংগ্রহ
গ কর্মী নিয়োগ ঘ প্রশিক্ষণ

**উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।**
একটি ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানির পরিচালক একটি স্টেজ শোতে নির্বাচিত একটি জায়গায় দাঁড়িয়ে তার কর্মীদের বিভিন্ন ইশারা দিচ্ছিলেন। আর তা দেখে তার দলের কর্মীরা পুরো হলকে স্তম্ভিত করে আধ ঘণ্টার একটি সফল প্রোগ্রাম করে। হলে উপস্থিত সব শ্রেণি, পেশা ও বয়সের দর্শক শ্রোতা সহজেই হৃদয়ঙ্গম করে হাত তালি দিতে লাগল।

১৯. ইভেন্ট ম্যানেজমেন্ট সব শ্রেণির দর্শক শ্রোতার নিকট জনপ্রিয় হয় কেন?
ক নিষ্ক্রিয় যোগাযোগ
খ আকার ইংগিতে যোগাযোগ
গ দৃশ্যমান যোগাযোগ
ঘ কাজের মাধ্যমে যোগাযোগ

http://teachingbd.com

২০. ইভেন্ট ম্যানেজম্যান্ট সব শ্রেণির দর্শক শ্রোতার নিকট জনপ্রিয় হয় কেন?
ⓚ শব্দগত মৌলিক ভাষা প্রয়োগ নেই
ⓛ এটি কম সময় সাপেক্ষ
ⓜ এটি কম ব্যয় বহুল
ⓝ একটি লিখিত না হয়ে মৌখিক হয়

২১. কাজের ছন্দ পতন রোধ করতে পারে কোনটি?
ⓚ পরিকল্পনা ⓛ সংগঠন
ⓜ সমন্বয়নসাধন ⓝ প্রেষণা

২২. যে ওয়েব সাইটের পেইজে গিয়ে ব্যক্তি নিজের মতামত ও তথ্য হালনাগাদ করতে পারে তাকে কী বলে?
ⓚ ইনস্ট্যান্ট ম্যানেজিং ⓛ ই-মেইল
ⓜ ব্লগ ⓝ টেলেক্স

২৩. জনশক্তিকে জনসম্পদে রূপান্তরে ব্যবস্থাপকের কোন দক্ষতা অধিক গুরুত্বপূর্ণ?
ⓚ কারিগরি দক্ষতা ⓛ আন্তঃব্যক্তিক দক্ষতা
ⓜ দূরদৃষ্টি সংক্রান্ত
ⓝ সমস্যা অনুধাবনের দক্ষতা

উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।
সাথী ডিপার্টমেন্টাল স্টোর একটি ক্ষুদ্র ব্যবসায় প্রতিষ্ঠান। সাথী ডিপার্টমেন্টালের মালিক মি. নওসাদ চৌধুরীর পুঁজি কম থাকায় তিনি অত্যাধুনিক যন্ত্রপাতি ব্যবহার করতে পারে না। তাই তাকে সনাতন নিয়মে ডাকঘরের মাধ্যমে চিঠি পত্র, সংবাদ, তথ্য প্রেরণ ও গ্রহণ করতে হয়।

২৪. সাথী ডিপার্টমেন্টাল স্টোরে কীসের অভাব লক্ষ্য করা যায়?
ⓚ দক্ষ কর্মী ⓛ প্রশিক্ষণ
ⓜ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
ⓝ প্রচারণা

২৫. উক্ত যোগাযোগ ব্যবস্থার ফলে নওশাদ চৌধুরী যেসব সমস্যার সম্মুখীন হয়—
i. দ্রুত মত বিনিময় করতে ব্যর্থ হয়
ii. তথ্য বিনিময় করতে প্রচুর অর্থ ব্যয় হয়
iii. তথ্যে ভাইরাস আক্রমণ হওয়ার সম্ভাবনা থাকে
নিচের কোন সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৬. সংগঠন কাঠামোর স্তরের সংখ্যা বাড়লে নিচের কোনটি ঘটে?
ⓚ উৎপাদন বৃদ্ধি পায়
ⓛ সহযোগীর সংখ্যা বৃদ্ধি পায়
ⓜ যোগাযোগ দ্রুত হয়
ⓝ কাজের গতি বৃদ্ধি পায়

২৭. নিচের কোন নিয়ন্ত্রণ কৌশল সংখ্যা একটি গুরুত্বপূর্ণ বিষয়?
ⓚ বাজেট ⓛ পর্যবেক্ষণ
ⓜ প্রতিবেদন ⓝ সমচ্ছেদ বিন্দু বিশ্লেষণ

২৮. রয়েল গ্রুপের বিক্রয় ব্যবস্থাপক জনাব রাশেদা তিনি সব সময় কর্মীদের মানসিকতা, যোগ্যতা। রুচি ও দক্ষতা সম্পর্কে সজাগ থাকেন, এটি নেতার কোন গুণের আওতাভুক্ত?
ⓚ পরিবেশ সম্পর্কে জ্ঞান
ⓛ সম্মোহনি জ্ঞান
ⓜ অনুসারীদের সম্পর্কে জ্ঞান
ⓝ সময়ানুবর্তিতা

২৯. পিংক গার্মেন্টিসের কর্মীরা সন্তোষজনক সেবা না দিলে প্রায়ই ছাঁটাই করা হয়। এটি কোন ধরনের প্রেষণা?
ⓚ নেতিবাচক ⓛ ইতিবাচক
ⓜ আর্থিক ⓝ অনার্থিক

৩০. ব্যবস্থাপনা কোন ধরনের প্রক্রিয়া?
ⓚ ধারাবাহিক প্রক্রিয়া ⓛ অনিয়মিত প্রক্রিয়া
ⓜ অভ্যন্তরীণ প্রক্রিয়া ⓝ বাহ্যিক প্রক্রিয়া

৩১. কর্মী সংগ্রহের ও সর্বাধিক ব্যবহৃত উৎস কোনটি?
ⓚ বিজ্ঞাপন ⓛ ট্রেড ইউনিয়ন
ⓜ কার্য বিনিয়োগ কেন্দ্র
ⓝ আকস্মিক আবেদনকারী

৩২. মাইক্রোয়েভ ও স্যাটেলাইটের মাধ্যমে তথ্য বিনিময় করা হয়, নিচের কোনটি ব্যবহারে?
ⓚ টেলেক্স ⓛ ফ্যাক্স
ⓜ টেলিগ্রাম ⓝ টেলিকনফারেনসিং

৩৩. মিঃ আমান তার প্রতিষ্ঠানের বিক্রয় এবং ক্রয় বিষয়ক সিদ্ধান্ত গ্রহণের কিছু ক্ষমতা সংশ্লিষ্ট বিভাগের উপর ছেড়ে দিয়েছেন। এই ক্ষেত্রে ব্যবস্থাপনার কোন নীতিটি পালিত হয়েছে?
ⓚ কেন্দ্রীকরণ ⓛ বিকেন্দ্রীকরণ
ⓜ কর্তৃত্ব ⓝ নিয়মানুবর্তীতা

৩৪. কর্মী প্রশিক্ষণের প্রয়োজন কেন?
i. প্রতিষ্ঠান সম্পর্কে পরিচিতি
ii. দক্ষতা বৃদ্ধি iii. জটিল বিষয়ের জ্ঞানদান
নিচের কোন সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।
মিঃ ফারুক দ্রুততার সাথে একটি নতুন ব্যবসায় প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছেন, উদ্যোগ বাস্তবায়ন করতে গিয়ে তিনি নানা সমস্যায় পড়েছেন। ব্যাংক ঋণ পাওয়া যাচ্ছে না। দক্ষ শ্রমিকও অপ্রতুল।

৩৫. ব্যবস্থাপনার কোন কার্যটি যথাযথ না হওয়ায় মিঃ ফারুক সমস্যায় পরেছেন?
ⓚ নিয়ন্ত্রণ ⓛ সংগঠন
ⓜ পরিকল্পনা ⓝ নিয়ন্ত্রণ

৩৬. পরিকল্পনার উৎকর্ষতা বৃদ্ধির জন্য ব্যবস্থাপক-এর করণীয়—
i. প্রয়োজনীয় তথ্য সংগ্রহ
ii. সঠিকভাবে ভবিষ্যৎ অনুমানে সচেষ্ট থাকা
iii. প্রতিটি কাজের জন্য বাজেট নির্ধারণ
নিচের কোন সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৩৭. জোড়া মই শিকলনীতি কোনটি নির্দেশ করে?
ⓚ একক আদেশ ⓛ একক নির্দেশ
ⓜ শৃঙ্খলা ⓝ কর্তৃত্ব প্রবাহ

৩৮. কার্যভিত্তিক সংগঠনে নিচের কোনটি বিদ্যমান?
ⓚ উপদেষ্টা কর্মী নিয়োগ
ⓛ গবেষণা
ⓜ স্বল্প কার্যভার
ⓝ কর্তব্য বন্টনে বিশেষায়ন

৩৯. দৈনিক উৎপাদক ভিত্তিক নিয়ন্ত্রণ করা হলে তাকে নিয়ন্ত্রণের কোন কৌশল বলা যায়?
ⓚ ব্যক্তিগত পর্যবেক্ষণ ⓛ সংখ্যাত্মক উপাত্ত
ⓜ অভ্যন্তরীণ পরীক্ষা ⓝ বাজেটীয় নিয়ন্ত্রণ

৪০. কোন ধরনের পরিকল্পনায় বিশেষ পরিস্থিতিতে একটি নির্ধারিত কার্যক্রম গ্রহণের দিক নির্দেশনা থাকে?
ⓚ কৌশল ⓛ রীতি
ⓜ প্রজেক্ট ⓝ ডেটলাইন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ ⓛ | ২ ⓛ | ৩ ⓛ | ৪ ⓛ | ৫ ⓜ | ৬ ⓜ | ৭ ⓚ | ৮ ⓝ | ৯ ⓜ | ১০ ⓚ | ১১ ⓜ | ১২ ⓚ | ১৩ ⓛ | ১৪ ⓝ | ১৫ ⓜ | ১৬ ⓚ | ১৭ ⓚ | ১৮ ⓛ | ১৯ ⓛ | ২০ ⓚ |
| | ২১ ⓜ | ২২ ⓜ | ২৩ ⓛ | ২৪ ⓜ | ২৫ ⓚ | ২৬ ⓛ | ২৭ ⓚ | ২৮ ⓜ | ২৯ ⓚ | ৩০ ⓚ | ৩১ ⓚ | ৩২ ⓝ | ৩৩ ⓛ | ৩৪ ⓝ | ৩৫ ⓜ | ৩৬ ⓚ | ৩৭ ⓝ | ৩৮ ⓚ | ৩৯ ⓛ | ৪০ ⓜ |

http://teachingbd.com